

সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলল আজ, মানতে হবে নতুন নির্দেশনা

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৯ মার্চ ২০২৬, ০৮:৫২



পবিত্র রমজান, ঈদুল ফিতর ও স্বাধীনতা দিবসের দীর্ঘ ছুটি কাটিয়ে আজ রোববার (২৯ মার্চ) থেকে দেশের সব স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে পুনরায় শুরু হচ্ছে নিয়মিত শ্রেণি কার্যক্রম। বৃহস্পতিবার ছুটি শেষ হলেও শুক্র ও শনিবার সাপ্তাহিক বন্ধ থাকায় আজ থেকেই পুরোদমে ক্লাসে ফিরছেন শিক্ষক-শিক্ষার্থীরা।

 [দৈনিক ইভেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, বছরের শুরুতে নির্বাচন ও দীর্ঘ ছুটির কারণে শিক্ষার্থীদের যে শিখন ঘাটতি তৈরি হয়েছে, তা কাটিয়ে উঠতে এখন থেকে অত্যন্ত গুরুত্বের সাথে ক্লাস নেওয়ার কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে।

বাৎসরিক ক্যালেন্ডার অনুযায়ী ৮ মার্চ থেকে ছুটি শুরুর কথা থাকলেও আইনি জটিলতা ও সরকারি সিদ্ধান্তে প্রাথমিক বিদ্যালয়গুলোতে ১৯ ফেব্রুয়ারি থেকেই ছুটি শুরু হয়ে যায়। ফলে নির্ধারিত সময়ের ১৭ দিন আগেই শিক্ষার্থীরা ছুটিতে যায়। এই দীর্ঘ ছুটির কারণে বিশেষ করে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের পড়াশোনায় যে ক্ষতি হয়েছে, তা পুষিয়ে নিতে অভিনব এক সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

নতুন নির্দেশনা অনুযায়ী, ঈদের ছুটির পর প্রথম ১০টি শনিবারের সাপ্তাহিক ছুটি বাতিল করে ক্লাস চালু রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে মাধ্যমিক পর্যায়ের স্কুলগুলোর ক্ষেত্রে শনিবারের ছুটি বাতিলের বিষয়ে এখন পর্যন্ত কোনো চূড়ান্ত ঘোষণা আসেনি।

এদিকে দীর্ঘ বিরতির পর শিক্ষাপ্রতিষ্ঠান খোলার প্রাক্কালে পরিবেশ ও স্বাস্থ্য সুরক্ষায় বিশেষ গুরুত্ব দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। গত ২৫ মার্চ এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়েছে, ক্লাস শুরুর আগে প্রতিটি প্রতিষ্ঠান অবশ্যই পুরোপুরি পরিষ্কার-পরিচ্ছন্ন করতে হবে। শুধু একদিনের পরিষ্কার পরিচ্ছন্নতাই নয়, বরং প্রতি সপ্তাহে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার নির্দেশ দেওয়া হয়েছে।

এছাড়া প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ এবং বাগান পরিচর্যা নিশ্চিত করার পাশাপাশি শিক্ষার্থীদের ব্যক্তিগত পরিচ্ছন্নতা বিষয়ে সচেতন করতে বিশেষ কার্যক্রম গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশ দেওয়া হয়েছে।